তারিখ · 09 A[illegible] 2016 ··· ···
পৃষ্ঠা ··· 2 ··· কলাম ···· ৬ ······

আমাদের সময়

### ইন্টার্ন ডাক্তারকে মারধর

# অনির্দিষ্টকালের ধর্মঘট শুরু রমেক হাসপাতালে

**রংপুর প্রতিনিধি ●** বহিরাগত সন্ত্রাসী কর্তৃক ইন্টার্ন ডাক্তারকে মারধর ও নগদ অর্থসহ মোবাইল ছিনতাইয়ের প্রতিবাদে ক্যাম্পাসে শিক্ষার্থী ডাক্তারদের নিরাপত্তা নিশ্চিত করা এবং দায়ী সন্ত্রাসীদের গ্রেপ্তারসহ ৫ দফা দাবিতে রংপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে গতকাল বিকাল থেকে অনির্দিষ্টকাপের ধর্মঘট শুরু করেছেন ইন্টার্ন ডাক্তাররা। এদিকে আকস্মিক ধর্মঘট আহ্বানের কারণে হাসপাতালে চিকিৎসাধীন রোগীরা পড়েছেন দুর্ভোগে। ইন্টার্ন ডাক্তাররা জানান, বৃহস্পতিবার রাত সাড়ে ৯টার দিকে হাসপাতাল ক্যাম্পাসে একদল বহিরাগত সন্ত্রাসী ইন্টার্ন ডাক্তার সুমন আলীর ওপর হামলা চালায়। তাকে বেদম মারপিট করে নগদ অর্থ ও একটি দামি মোবাইল ফোন ছিনতাই করে। আহতাবস্থায় ডা. সুমনকে রংপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। এর আগে চলতি সপ্তাহে হাসপাতালের ক্যাম্পাসে আরও ৩টি ছিনতাইয়ের ঘটনা ঘটে। প্রশাসনকে বারবার বলা সত্ত্বেও তারা কোনো পদক্ষেপ গ্রহণ করেনি। ফলে বাধ্য হয়ে তারা অনির্দিষ্টকালের ধর্মঘট শুরু করেছে। ২৪ ঘণ্টার মধ্যে তাদের দাবি পূরণ না হলে আরও কঠোর কর্মসূচি দেওয়ার ঘোষণা দিয়েছেন তারা।